

প্রথম আলো

তারিখ: 23 MAY 2010  
পৃষ্ঠা: কলাম

**উচ্চশিক্ষার মান  
বাড়াতে ৬৮১ কোটি  
টাকার প্রকল্প শুরু**

**বিশেষ প্রতিনিধি •**

বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার মান উন্নয়নে সরকার ৬৮১ কোটি টাকার প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করেছে। কিছু শর্তসাপেক্ষে সরকারি ও বেসরকারি ৮১টি বিশ্ববিদ্যালয় এ অনুদান ব্যবহারের সুযোগ পাবে।

গণমাধ্যমকে অবহিতকরণের লক্ষ্যে সিরডাশ মিলনায়তনে গতকাল শনিবার আয়োজিত এক সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান নজরুল ইসলাম এ কথা জানান। বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে ২০০৯ সাল থেকে পাঁচ বছর মেয়াদি এ প্রকল্প শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বাস্তবায়ন করছে।

মাংগদিকদের সঙ্গে প্রকল্পের বিভিন্ন দিক নিয়ে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য মো. তাজুল ইসলাম ও এহসানুল হক আলোচনা করেন।

প্রকল্প সম্পর্কিত তথ্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ওয়েবসাইটে ([www.ugc.gov.bd/hcqp](http://www.ugc.gov.bd/hcqp)) পাওয়া যাবে।